

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামইরহাট, নওগাঁ।

www.dhamoirhat.naogaon.gov.bd

স্মারক নং:- ০৫.৪৩.৬৪২৮.০০৯.০৬.০৩৪.২৪- ৬০/৯

তারিখ: ০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সরকারি খাস/ বন্ধ জলমহাল ইজারার আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি

এতদ্বারা ধামইরহাট উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্য সম্পর্কিত সংগঠন সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ০২ নভেম্বর, ২০২৩ সালের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৬৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।


০২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ (সংশোধনী-২০১২) অনুযায়ী নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস বন্ধ জলমহালসমূহ বর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত সিডিউল অনুযায়ী আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্য সম্পর্কিত সংগঠনকে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (এ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করা আছে)।

০৩. নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানত বাবদ পে-অর্ডার/ বিডি মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ (সংশোধনী-২০১২) এবং ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ক্যালেন্ডার

ক্রঃনং	তারিখ	গৃহীত কার্যক্রম	মন্তব্য
০১	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি , ২০২৪ খ্রি.)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহ্বান।	২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করা যাবে। দাখিলকৃত আবেদন ঐ দিনই বিকাল ০৩.০০ টায় উপস্থিত আবেদনকারীর সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।
০২	০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি , ২০২৪ খ্রি.)	অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল।	
০৩	০৩ ফাল্গুন হতে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে (১৬ ফেব্রুয়ারি ২০২৪ এর পরবর্তী ০৩ কার্য দিবস ১৮, ১৯ ও ২০ ফেব্রুয়ারি ২০২৪)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল	
০৪	১৬ ফাল্গুনের মধ্যে (২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.)	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।	
০৫	২৬ ফাল্গুনের মধ্যে (১০ মার্চ, ২০২৪ খ্রি.)	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।	
০৬	১০ চৈত্রের মধ্যে (২৪ মার্চ, ২০২৪ খ্রি.)	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।	
০৭	১৭ চৈত্রের মধ্যে (৩১ মার্চ, ২০২৪ খ্রি.)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।	
০৮	২৩ চৈত্রের মধ্যে (০৬ এপ্রিল, ২০২৪ খ্রি.)	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুলো ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।	
০৯	১ বৈশাখ (১৪ এপ্রিল, ২০২৪ খ্রি.)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।	

শর্তাবলী অপর পাতায় -


(আসমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধামইরহাট, নওগাঁ।